

## ঢাকা বোর্ডে নম্বরপত্র ভুল তিন সদস্যের তদন্ত কমিটি গঠন

### ■ সমকাল প্রতিবেদক

ঢাকা শিক্ষা বোর্ড থেকে মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ প্রায় দুই লাখ ছাত্রছাত্রীর নম্বরপত্র (ট্রান্সক্রিপ্ট) ভুল ছাপা ছওয়ার ঘটনায় ভোড়পাড় সৃষ্টি হয়েছে। ঘটনাটি খতিয়ে দেখতে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদের নির্দেশে গতকাল তিন সদস্যবিশিষ্ট একটি তদন্ত কমিটি গঠন করেছে ঢাকা শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ।

তদন্ত কমিটির আহ্বায়ক করা হয়েছে ঢাকা বোর্ডের বিদ্যালয় পরিদর্শক এটিএম মইনুল হোসেনকে। বাকি দুই সদস্য হলেন- উপ-পরীক্ষা নিয়ন্ত্রক রসময় কীর্তিনিয়া ও সহকারী হিসাবরক্ষণ কর্মকর্তা আবদুল আউয়াল। ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক আবু বক্কর হিদ্দিক এ তদন্ত কমিটি গঠনের সত্যতা স্বীকার করেন।

চলতি বছর ঢাকা বোর্ড থেকে মাধ্যমিকে উত্তীর্ণ ৩ লাখ ১০ হাজার পরীক্ষার্থীর নম্বরপত্র ছেপেছে ঢাকা শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ। তার মধ্যে ২ লাখই ভুল। গত বৃহস্পতিবার থেকে (২৫ জুন) শিক্ষার্থীদের মাঝে নম্বরপত্র সরবরাহ করা শুরু হয়। এর পরই এ ভুল ধরা পড়ে।